

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২৩৩
কৈলাসহর, ২৭ মার্চ, ২০২৫

আগামী ২৯ মার্চ কৈলাসহরে বর্ডার এরিয়া প্রোগ্রাম

উত্তর পূর্বাঞ্চলীয় সাংস্কৃতিক কেন্দ্রের উদ্যোগে এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় আগামী ২৯ মার্চ কৈলাসহর মহকুমার ভদ্রপল্লী এইচ এস স্কুল প্রাঙ্গনে অনুষ্ঠিত হবে 'বর্ডার এরিয়া প্রোগ্রাম'। অনুষ্ঠানে উদ্বোধক হিসেবে উপস্থিত থাকবেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন উনকোটি জেলার জেলাশাসক দিলীপ কুমার চাকমা এবং পুলিশ সুপার সুধাঙ্কিকা আর। সভাপতিত্ব করবেন সমরুপার গ্রামপঞ্চায়েতে প্রধান প্রভা শঙ্কু বৈদ্য। অনুষ্ঠানে স্থানীয় শিল্পী সহ আসাম, মেঘালয়, মধ্যপ্রদেশ রাজ্য থেকে আগত শিল্পীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন।
